R N No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
১৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৫ই ভাদ্র বুধবার, ১৩৮৬ সাল।
২২শে আগষ্ট, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## পাহাড়ী ঢলে ৪টি ব্লকে বন্যা, ১ জনের মৃত্যু

**সত্যনারায়ণ ভকত :** ১৪-১৫-১৬ আগষ্টের প্রবল বর্ষণে রাজমহল পাহাড়ে আচমকা ঢল নেমে জঙ্গিপুর মহকুমার ফরাক্কা, সামসেরগঞ্জ, সুতী ১ ও ২নং ব্লকের ৮২টি গ্রাম ভাসিয়ে দেয়। ঢল নামে হাজামজা কানদৈ ও বাঁশলৈ নদী দিয়ে। জলের তোড়ে ভেঙে যায় ফরাক্কা রেলবাঁধ, বিধ্বস্ত হয় পুঁঠিমারি সেতুর কাছে পাকুড় রোডের কিয়দংশ। আহিরণ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র জলবেষ্টিত হয়ে পড়েছে। চাঁদপুর কে ভি ষ্টেশন জলের তলায় চলে গিয়েছে। পুলিশ এখানকার লোকজনদের ছাদ থেকে উদ্ধার করেছে। কে ভি ষ্টেশনটি জলমগ্ন হয়ে পড়ায় অরঙ্গাবাদ ও ধুলিয়ান শহরসহ বিস্তীর্ণ অঞ্চল অন্ধকারে ডুবে গিয়েছে। কারণ, এই ষ্টেশন থেকেই ওই সমস্ত অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হয়। ওদিকে জল বার করে দেওয়ার জন্য ফরাক্কার নিশিন্দ্রার কাছে ফীডার ক্যানেলের গাইড বাঁধ জোর করে কেটে দেওয়া হয়েছে। পরে গাইড বাঁধের নিরাপত্তার জন্য কঠোর পাহারা বসানো হয়েছে। বন্যাপ্লাবিত এলাকা পরিদর্শন করে এসে জঙ্গিপুরের সদ্যনিযুক্ত তরুণ মহকুমা শাসক অসিতবরণ চক্রবর্তী জানান, ১৭ আগষ্ট পাহাড়ী ঢলে প্রবল বেগে বন্যার জল আছড়ে পড়ে ফরাক্কার ২৪টি গ্রামে (বেসরকারী মতে ২৯টি গ্রামে)। ক্রমশঃ প্লাবিত হয় সামসেরগঞ্জের ১৯টি, সুতী ১নং ব্লকের ২৩টি ও সুতী ২নং ব্লকের ১১টি গ্রাম। ক্ষতিগ্রস্ত হন যথাক্রমে ২৫ হাজার, ৩৫ হাজার,

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## প্রকৃতির খেয়ালে চাষীর সর্বনাশ

অরঙ্গাবাদ, ২২ আগষ্ট—সুতী থানার বহুতালী গ্রাম পঞ্চায়েতের গ্রামগুলি আবার দ্বিতীয় প্লাবনের কবলে। প্রায় এক মাস পূর্বে বর্ষার প্রথম বর্ষণেই গোপালনগর, সিধোরী ও নাদাই গ্রামের মাঠগুলি জলমগ্ন হয়েছিল। ফলে নাদাই ও গোপালনগর গ্রামের চাষীদের তৈরী বীজতলা বিনষ্ট হয় এবং আমন ধান রোয়ার কাজ ব্যাহত হয়। তারপর প্রকৃতির খেয়ালে টানা তিন সপ্তাহ খরা হাঁকাল—ঐ সব গ্রামের চাষীদের শাপে বর হ'ল ; আবার নতুন উদ্যমে বীজতলা তৈরীর কাজে হাত পড়লো। আবার প্রকৃতির খেয়াল—এবারে সর্বনাশা খেয়াল। তিন দিনের অবিরাম বর্ষণে শুধু ঐ তিনটি গ্রামই নয়—বাকী গ্রামগুলি যথা কাঁদোয়া, বহুতালী, বৈষ্ণবডাঙ্গা এবং বড়তলার বিস্তীর্ণ এলাকা জলের তলে চলে গেল। বাঁশলৈ নদী ফুলে ফেঁপে উঠেছে। বাঁশলৈ নদীর উভয় তীরে ১৯৭২ সালে এমব্যাঙ্কমেন্ট তৈরী করা হয়েছিল বীরভূম সীমানা পর্যন্ত। ফলে যে জল নদীর গতিপথের এদিক ওদিক ছড়িয়ে পড়ত, তা এখন গচ্ছিতভাবে মুর্শিদাবাদের কাঁদোয়া গ্রামের মুখে প্রবল

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## বর্ষার প্লাবনে ১২০০ একর আউস প্লাবিত

সাগরদীঘি, ২২ আগষ্ট—তিনদিনের প্রবল বর্ষণে এই ব্লকের তেলাঙ্গল, ডুমাইপুর, বেলসাণ্ডা, ডাঙাপাড়া, দস্তুরহাট, গোবর্ধনডাঙা, কালিকাপুর, গঞ্জে সিংহেশ্বরী, মানসিংপুর ও রমনা এলাকার ১২০০ একর জমির আউস ধান প্লাবনের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। ক্যানেলের উপচে পড়া জলও এই প্লাবনের জন্য অংশত দায়ী। ময়ূরাক্ষী জলাধার থেকে ছাড়া ক্যানেলের উপচে পড়া জল মোরগ্রামের কাছে ৩৪নং জাতীয় সড়কের উপর দিয়ে বইতে শুরু করলে ১৬ আগষ্ট ক্যানেলে জল ছাড়া বন্ধ করা হয়। এখন জল নামতে শুরু করেছে। শনিবার এক সাক্ষাৎকারে খবরটি দিয়েছেন বি ডি ও সুভাষ চক্রবর্তী।

## অর্থ বণ্টনে বৈষম্য

রঘুনাথগঞ্জ, ২২ আগষ্ট—সামাজিক উন্নয়নে যে সমস্ত সংস্থা বা প্রতিষ্ঠান কাজ করেছেন রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লক যুব সংস্থা সেই সব সংস্থাকে আর্থিক সাহায্য দানের সিদ্ধান্ত নিয়েছেন। অভিযোগ এসেছে এই সাহায্য বণ্টনে চরম বৈষম্য হয়েছে। ৭৫, ১৫০ ও ৫০০ টাকা সাহায্য তিনটি স্তরে ৩৩টি সংস্থাকে দেওয়া হয়েছে। এ ব্যাপারে সমস্ত দায় ব্লক পঞ্চায়েত সমিতির। একটি প্রতিষ্ঠান বিলুপ্তির পরও সে অনুদানের ভাগ পেয়েছে বলে জানা গেছে। আরও কয়েকটি সংস্থার কোনরকম ভূমিকা না থাকা সত্ত্বেও তাঁরা সাহায্য পাওয়ায় অন্যান্য কয়েকটি বঞ্চিত সংস্থার কর্তারা সংশ্লিষ্ট অর্থ বণ্টনের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন। রেফারী এ্যাসোসিয়েশনের সম্পাদক পার্থসারথি ব্রহ্ম এই অর্থ বণ্টনে বৈষম্যের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন। একজন ক্লাব সম্পাদক এই অনুদান বণ্টনকে পঞ্চায়েত সমিতির স্বেচ্ছাচার বলে উল্লেখ করেছেন। তাঁর মতে রাজনৈতিক হস্তক্ষেপের ফলেই পঞ্চায়েত

(২য় পৃষ্ঠায় দ্রষ্ট্যব্য)

## নৌকো ধর্মঘট

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর পুরসভার সদরঘাট ও গাড়ীঘাটে প্রতি খেপে নৌকোপিছু পঁচিশ পয়সা করে টোল আদায়ের (খুঁটে গাড়ার জন্য পয়সা আদায়) প্রতিবাদে এবং দু'জন কমিশনারের পদত্যাগের দাবিতে ১৮ আগষ্ট ঘাট দুটিতে একদিনের প্রতীক নৌকো ধর্মঘট পালিত হয়। পূর্বতন মহকুমা শাসকের একটি নোটের অপব্যাখ্যা করে ঘাটের ইজারাদার ওই টোল আদায় করেন বলে অভিযোগ।

## উদ্বাস্তু জলবন্দী

নিজস্ব সংবাদদাতা : গঙ্গার জলস্ফীতিতে জঙ্গিপুর পুরসভার ১০নং ওয়ারডের রাধনগর বাঁধের ধারে আশ্রিত উদ্বাস্তুরা জলবন্দী হয়ে পড়েছেন। গঙ্গাভাঙনে সর্বস্বান্ত মানুষের দল উদ্বাস্তু হয়ে এই বাঁধে আশ্রয় নিয়েছিলেন। বন্যার ফলে বিচ্ছিন্ন অবস্থায় তাঁরা খোলা আকাশের নীচে বাস করছেন। তাঁদের ত্রাণ এবং পুনর্বাসনের দাবিতে কংগ্রেস (ই) দলের পক্ষ থেকে ২০ আগষ্ট রঘুনাথগঞ্জ ১নং বিডিও অফিসে স্মারকলিপি দেওয়া হয়েছে। পাঁচ দফা দাবি

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## ৫০ জন পাকিস্তানী মুসলমান ধৃত

রঘুনাথগঞ্জ, ২২ আগষ্ট—বহরমপুর বাসষ্ট্যাণ্ড থেকে গতকাল সন্ধ্যায় ৫০ জন পাকিস্তানী মুসলমানকে গ্রেপ্তার করা হয়েছে। বাংলাদেশ থেকে পাকিস্থানে যাওয়ার উদ্দেশ্যে লং মারচের জিগির তুলে এরা মুর্শিদাবাদের জলঙ্গী সীমান্ত দিয়ে অনুপ্রবেশ করে। আজ এখানে সাংবাদিকদের এ খবর দেন পুলিশ সুপার সুলতান সিং।

## বিজ্ঞপ্তি

৮/৭৯ অন্য

এতদ্দ্বারা সেগুা জামুয়ার মৌজার সেগুা ও জামুয়ার গ্রামবাসী সর্ব্বসাধারণের জ্ঞাতসারে জানান যাইতেছে যে থানা রঘুনাথগঞ্জের অধীন জামুয়ার গ্রাম নিবাসী দেবেন্দ্র মণ্ডলের পুত্র শান্তিকুমার মণ্ডল ও নেপালচন্দ্র মণ্ডলের স্ত্রী পঙ্ক মণ্ডলানী এবং সাগরদীঘি থানার অধীন ছামুগ্রাম নিবাসী মৃত শ্রীপতি মণ্ডলের পুত্র শ্রীশঙ্করপদ মণ্ডল থানা রঘুনাথগঞ্জের অধীন সেগুা জামুয়ার মৌজার ৬৪৬নং খতিয়ানভুক্ত ২৭১৫নং দাগের ২২১ শতক পুকুর যাহার প্রকাশ্য নাম চাঁদার পুকুর বাদী পক্ষের স্বত্ব থাকা সাব্যস্তে ও উক্ত পুকুর মৎস্য চাষের পুকুর হওয়া গণ্যে বিবাদী পক্ষ যাহাতে কস্মিনকালেও উক্ত পুকুর হইতে জল সেচ করিতে না পারে বা উক্ত পুকুরের বা পাড়ে কোন প্রকার নালা বা পৈঠা সৃষ্ট করিতে না পারে তজ্জন্য সেগুা ও জামুয়ার গ্রামবাসিগণ পক্ষে মাতব্বর শ্রেণী ব্যক্তি জামুয়ার সাকিমের মৃত প্রিয়নাথ পালের পুত্র শ্রীগৌরেন্দ্রকুমার পাল, মৃত শিবপ্রসন্ন মুখোপাধ্যায় এর পুত্র শ্রীভবদাস মুখোপাধ্যায় এবং সেগুা গ্রামের মৃত শ্রীপতি মণ্ডলের পুত্র হরিনারায়ণ মণ্ডলকে বিবাদী শ্রেণীভুক্ত করিয়া জঙ্গিপুর ১ম মুঃ আদালতে ১৯৭৯ সালের ৮নং মোকদ্দমা দায়ের করিয়াছেন। তাহাতে সেগুা ও জামুয়ার গ্রামবাসিগণ মধ্যে যে কোন ব্যক্তি মোকদ্দমায় বিবাদী শ্রেণীভুক্ত হইয়া আগামী ধার্য্য দিন ৪-৯-৭৯ তারিখ মধ্যে হাজির হইয়া নিজ বক্তব্য দাখিল করিতে পারেন।

By Order of the Court
K. Kar
Sharistadar,
Munsit's 1st. Court, Jangipur

## বাড়ী বিক্রয়

সাগরদীঘি বাজারে রেল ষ্টেশনের সন্নিকটে সদর রাস্তার ধারে ছয় শতক জায়গার উপর একটি দ্বিতল পাকা বাসগৃহ বিক্রয় আছে। বিদ্যুৎ ও পায়খানার সুবিধা আছে। সরকারী কিংবা বেসরকারী অফিসের জন্যও ব্যবহার করা যাইতে পারে। যোগাযোগের ঠিকানা—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)।


### ক্যালকাটা সাইকেল ষ্টোর

( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান


## সঙ্গীত শিক্ষার্থীদের সুযোগ

গত ১২ই আগষ্ট হইতে রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে বিকাল ৩টা হইতে ক্লাসিক, রবীন্দ্রসঙ্গীত, তবলা ও গীটার শিক্ষার ক্লাস শুরু হইয়াছে। ছাত্রছাত্রী ভর্তি চলিতেছে। যোগাযোগ করুন :— শ্রীসত্যগোপাল দাস, অধ্যক্ষ ও সম্পাদক, সুরঝংকার মিউজিক কলেজ, সঙ্গীত শিক্ষক, ফতুল্লাপুর উচ্চ বিদ্যালয়।
দঃবেশপাড়া, পোঃ রঘুনাথগঞ্জ
( মুর্শিদাবাদ )


সকলের প্রিয় এবং
বাজারের সেরা
**ভারত বেকারীর**
শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

**সবার প্রিয় চা—**
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

বহরমপুর—ফরাক্কা ও
বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয় )


## খেলার খবর

সাগরদীঘি, ২২ আগষ্ট—সাগরদীঘি স্পোরটস্ এ্যাসোসিয়েশন আয়োজিত ৪র্থ বার্ষিকী নক্-আউট ফুটবল টুরনামেন্ট ৭ অকটোবর থেকে শুরু হচ্ছে। এ খবর দিয়ে সংস্থার একজন মুখপাত্র জানিয়েছেন, কলকাতা, বর্ধমান, ২৪ পরগণা, হুগলী, নদীয়া, বীরভূম, মালদহ, মুর্শিদাবাদ—আটটি জেলার ১৮টি দল এবারের টুরনামেন্টে অংশ গ্রহণ করছেন।

### স্বাধীনতার অন্ধকারে

সাগরদীঘি, ২২ আগষ্ট—এই ব্লকের পাউলি জুনিয়ার হাই ও প্রাইমারী স্কুলে স্বাধীনতা দিবসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়নি বলে গ্রামবাসী সূত্রে খবর পাওয়া গিয়েছে। ওই সূত্র থেকে জানানো হয়েছে, স্কুলে প্রজাতন্ত্র দিবসও নাকি পালন করা হয় না।



# সন্তান হবে তখনই যখন আপনি চাইবেন, না চাইতে নয়

হঠাৎ সন্তান এলে বিবাহিত জীবনের নানা রঙ্গীন মুহূর্ত, নানা পরিকল্পনার শোচনীয় অবসান ঘটতে পারে। অনেকে এই ধরণের ভুলের মাশুল দিতে বাধ্য হয়েছেন। আপনি নিশ্চয়ই সেই একই ভুল করবেন না।

**মনে রাখবেন,** রোগ সারানোর চেয়ে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া ভাল। দৈবের ওপর সব কিছু ছেড়ে দেবেন না।

**নিরোধ ব্যবহার করুন**

জন্মশাসনের জন্য পুরুষদের পক্ষে এটি খুব সহজ ব্যবস্থা। আপনার কাছাকাছি ঔষধের দোকানে বা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিরোধ পাবেন।




সুখী বিবাহিত জীবন যাপনে
একমাত্র নির্ভরযোগ্য উপায়

davp 79/107

## পাহাড়ী ঢলে ৪টি ব্লকে বন্যা, ১ জনের মৃত্যু

( ১ম পৃষ্ঠার পর )

২৫ হাজার ও ৪২০০ সাকুল্যে ৮৯,২০০ মানুষ। জলের তোড়ে ভেসে গিয়ে বেনিয়াগ্রামের জোহাক সেথ নামে এক বৃদ্ধ মারা যান। পরে তাঁর মৃতদেহ উদ্ধার করা হয়। ত্রাণ এবং উদ্ধারের কাজে ৪টি স্পীড বোট ও ২০টি নৌকো নামানো হয়েছে। ফরাক্কা ব্লকের বন্যাক্লিষ্ট এলাকা থেকে ৮ হাজার মানুষকে উদ্ধার করা হয়েছে। চারটি ব্লকে ১৯৫০টি ত্রিপল দেওয়া হয়েছে। অনেকগুলি ত্রাণ-শিবির খোলা হয়েছে। সেখান থেকে চিড়ে, গুড়, চাল প্রভৃতি বিলি করা হচ্ছে। মহকুমা শাসক জানান, ১৭ আগষ্ট তিনি যখন মহকুমার দায়িত্বভার বুঝে নিচ্ছিলেন, তখন মহকুমার চারটি ব্লক বন্যার জলে ভাসছিল। সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে ফরাক্কা ব্লকের। অবশ্য এখনও ক্ষয়ক্ষতির খতিয়ান নিরূপণ করা সম্ভব হয়নি। তবে জল নামতে শুরু করেছে। তাঁর সঙ্গে ছিলেন এস ডি পি ও ষড়ানন সাহা।

## এ পক্ষের চাষবাস



১লা—১৫ই ভাদ্র

**ধান :**

বৃষ্টির অভাবে যাঁরা এখনও ধান রোয়ার কাজ শেষ করতে পারেননি, তাঁরা এ পক্ষের মধ্যেই রোয়ার কাজ শেষ করুন। এ সময়েও রোয়া চলে এমন জাতগুলি হল রত্না, পলমন ৫৭৯, আই. আর-২০, আই. আর-৩৬, আই. ই. টি-২৮১৫ ও ২২৯৫, এম. আর ১৫৫০ প্রভৃতি জলদি ও মাঝারি জাত এবং এন. সি. ১২৮১, ও. সি ১৩৯৩, সি. আর ১০১৪ প্রভৃতি নাবি জাত। এখন জলদি ও মাঝারি জাতের ২৫-৩০ দিনের এবং নাবি জাতের ৬০-৮০ দিনের চারাও লাগাতে পারেন। এ সময় প্রতি গর্তে ৫ ৬টি চারা লাগাতে পারলে ভাল। জমি তৈরীর সময় অতি অবশ্যই প্রাথমিক মাত্রার রাসায়নিক সার দেবেন। আগের রোয়া আমন ধানের ক্ষেতে সময়মত প্রথম ও দ্বিতীয়বার চাপান সার দিন। দ্বিতীয় দফায় চাপান সার হিসাবে জলদি জাতে চারা রোয়ার ৩০-৩৫ দিন পরে একরে ৫ কেজি, মাঝারি জাতে ৪০ ৫০ দিন পরে একরে ৬ কেজি এবং মাঝারি ও নাবি জাতে ৫৫-৬০ দিন পরে একরে ৬ কেজি নাইট্রোজেন দিন। এন. সি ১২৮১ ইত্যাদি বেশী উন্নত জাতে চারা রোয়ার ৪০-৪৫ দিন পরে একরে ৮ কেজি হারে একবারই চাপান সার দেবেন।

**পাট :**

বৈশাখে বোনা পাট এ সময়ে কাটার উপযোগী হয়ে যাবে। পরিষ্কার জলে পাট পচান। পাটের জাগ যেন জলের তলায় মাটির সঙ্গে লেগে না যায় সেদিকে নজর রাখুন।

**শাক সব্জী :**

এ পক্ষে মাঝারি জাতের ফুলকপির চারা লাগান। জমি তৈরীর সময় সার লাগবে প্রতি দশ শতকে ৩ কেজি নাইট্রোজেন, ৩ কেজি ফস্ফেট ও ৩ কেজি পটাশ। জলদি জাতের ফুলকপির ক্ষেতে চারা লাগানোর ১৫ দিন পরে প্রতি দশ শতকে ১½ কেজি হারে নাইট্রোজেন চাপান সার দিন। এখন নাবি জাতের ফুলকপি, জলদি জাতের বাঁধাকপি, ওলকপি, টম্যাটো, লংকা প্রভৃতির চারা তৈরীর জন্য বীজতলায় বীজ ফেলুন এবং মূলা, পালং, বীট প্রভৃতির বীজ সরাসরি মূল জমিতে বুনুন।

ভারত-জার্মান
সার প্রশিক্ষণ প্রকল্প
১২ বি, রাসেল স্ট্রীট, কলিকাতা-৭০০০৭১

/naa

## বিড়ি ব্যবসায়ী সমিতির বার্ষিক সাধারণ সভা

অরঙ্গাবাদ, ১৯ আগষ্ট—আজ অরঙ্গাবাদ বিড়ি মারচেনটস এ্যাসোসিয়েশনের বার্ষিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন অরঙ্গাবাদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরোজাক্ষ ভট্টাচার্য। অশ্বিনীকুমার দাসকে সভাপতি এবং জয়দেব দে-কে সম্পাদক নির্বাচিত করে আগামী বৎসরের জন্য নয় সদস্যের একটি কার্যনির্বাহক সমিতি গঠন করা হয়।

## এ্যামবুলেনস চালু হয়েছে

নিজস্ব সংবাদদাতা : এক বছর অচল অবস্থায় পড়ে থাকার পর জঙ্গিপুর মহকুমা হাসপাতালের এ্যামবুলেনসটি আবার চালু হয়েছে। জানা গিয়েছে, এই হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপনের ব্যাপারে রাজ্য সরকারের অনুমোদন পাওয়া গিয়েছে। ব্যাঙ্কটি শিগ্গির স্থাপন কর হবে বলে আশা করা হচ্ছে।

উল্লেখ্য, এ্যামবুলেনস চালু সহ নয় দফা দাবি-দাওয়ার ভিত্তিতে জাতীয় কংগ্রেসের উদ্যোগে ১ জুলাই থেকে ৪৮ ঘণ্টার অনশন সত্যাগ্রহ পালন করা হয়।

### WANTED


Wanted the following Part-time teachers on a purely temporary basis for Jangipur, High School :—

1) One Hons /M Sc. in Chemistry,

2) One Hons./M. A. in English.

Appear before the Administrator with application in the Scool premises on 29. 8. 79 at 2 P. M.

Sd/- A. Roy
22 8. 79 Administrator




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।